



লিগামেন্ট ইনজুরিতে ভক্তদের দুশ্চিন্তায় ফেলে দিলেন আফরান নিশো



আফরান নিশো: সংগৃহীত ছবি

অভিনেতা আফরান নিশো পায়ের লিগামেন্ট ছিঁড়ে গুরুতর চোট পেয়েছেন। ফলে আপাতত সব শুটিং বন্ধ রেখে চিকিৎসা ও বিশ্রামে আছেন তিনি। হাঁটুর অস্ত্রোপচার করাতে হতে পারে বলে জানিয়েছেন নিশো নিজেই।

ঈদে মুক্তিপ্রাপ্ত সিনেমা তাগুব-এ ক্যামিও চরিত্রে হাজির হওয়ার পর নতুন কোনো কাজে দেখা যায়নি জনপ্রিয় অভিনেতা আফরান নিশোকে। সম্প্রতি রেদওয়ান রনি পরিচালিত দম সিনেমায় অভিনয়ের খবর দিয়ে ভক্তদের চমক দিলেও, এর মাঝেই এল হতাশার সংবাদ—তার পায়ের লিগামেন্ট ছিঁড়ে গেছে। এই চোটের কারণে আপাতত সব শুটিং বন্ধ রেখে বিশ্রামে আছেন তিনি।

শনিবার (৯ আগস্ট) নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের এক অনুষ্ঠানে নিশো জানান, “সুডঙ্গ-২ কবে আসবে, সেটা নির্মাতা রাফী জানেন। কিন্তু আমাকে আগে ফিট হতে হবে। হাঁটুর অস্ত্রোপচার না করলে পুরোপুরি সচল হওয়া কঠিন।”

তিনি আরও বলেন, “এই বিষয়টি আজ প্রথমবার বলছি। আগে কাউকে জানাইনি, কারণ শুনে অনেকে হয়তো কাজ দিতে দ্বিধা করবে।”

ভক্ত ও সহকর্মীরা নিশোর দ্রুত আরোগ্য কামনা করছেন। এদিকে, সেপ্টেম্বরে ওটিটি প্ল্যাটফর্ম হইচইতে মুক্তি পাচ্ছে ভিকি জাহেদ পরিচালিত ও মাসুমা রহমান নাবিলার সঙ্গে নিশোর অভিনীত ওয়েব সিরিজ আঁকা।